রঘুনাথগঞ্জ শাখায়
মাত্র ৭৫৲ টাকায় রেডিও

বাকী টাকা কিস্তিতে দেয়

ইলেকট্রনিকের সকল রকম
ট্রানজিষ্টার রেডিওতে নগদ ক্রেতাদের
**বিশেষ কনশেসন**
ধনরাজ ব্রাদার্স এণ্ড কোং
মুরারই বীরভূম
শাখা—রঘুনাথগঞ্জ মুর্শিদাবাদ পশ্চিমবঙ্গ

Registered
No. C. 853

# জঙ্গিপুর সংবাদ

সাপ্তাহিক সংবাদ-পত্র

**বহরমপুর এক্সরে ক্লিনিক**
জল গম্বুজের নিকট
পোঃ বহরমপুর : মুর্শিদাবাদ
জেলার প্রথম বেসরকারী প্রচেষ্টা
★ বিশেষ যত্ন সহকারে রোগিদের এক্সরের সাহায্যে রোগ পরীক্ষা করিয়া ব্যবস্থা করা হয়।
★ যথা সত্বর কাজ করা আমাদের বিশেষত্ব।
★ কলিকাতার মত এক্সরে করা হয়।
★ দিবারাত্রি খোলা থাকে।
জেলাবাসীর সহানুভূতি ও সহযোগিতা প্রার্থনীয়।

৫৪শ বর্ষ | রঘুনাথগঞ্জ, মুর্শিদাবাদ—২৮শে কার্ত্তিক বুধবার, ১৩৭৪ ইং 15th Nov. 1967 | ২৭শ সংখ্যা।



সকল ঘরের তরে...
দীপ্তি লণ্ঠন
ওরিয়েন্টাল মেটাল ইণ্ডাষ্ট্রীজ লিঃ ৭৭, বহুবাজার ষ্ট্রীট, কলিকাতা ১২

রান্নায় আনন্দ

এই কেরোসিন কুকারটির অভিনবত্ব রন্ধনের ভীতি দূর করে রন্ধন-প্রীতি এনে দিয়েছে।

রান্নার সময়েও আপনি বিশ্রামের সুযোগ পাবেন। কয়লা ভেঙে উনুন ধরাবার পরিশ্রম নেই, অস্বাস্থ্যকর ধোঁয়া না থাকায় ঘরে ঘরে ঝুলও জমবে না।

জটিলতাহীন এই কুকারটির সহজ ব্যবহার প্রণালী আপনাকে তৃপ্তি দেবে।

- ধুলা, ধোঁয়া বা ঝঞ্ঝাটহীন।
- স্বল্পমূল্য ও সম্পূর্ণ নিরাপদ।
- যে কোনো অংশ সহজলভ্য।




খাস জনতা
কেরোসিন কুকার
বিপুলতা আবার।
দি ওরিয়েন্টাল মেটাল ইণ্ডাষ্ট্রীজ প্রাইভেট লিঃ
৭৭, বহুবাজার ষ্ট্রীট, কলিকাতা-১২

খেলা ঘর

স্কুল কলেজের নানাপ্রকার খেলাধুলার সরঞ্জাম,
সর্ব্বপ্রকার প্রসাধন সামগ্রী ও চা বিস্কুট পাইবেন।
পরীক্ষা প্রার্থনীয়।

কর্ম্মাধ্যক্ষ—খেলা ঘর
রঘুনাথগঞ্জ চাউলপটী, মুর্শিদাবাদ




স্কুল, কলেজ ও পাঠাগারের
মনের মত ভাল বই
সবচেয়ে সুবিধায় কিনুন।
STUDENTS' FAVOURITE
Phone—R.G.G. 44.

সর্ব্বেভ্যো দেবেভ্যো নমঃ।



জঙ্গিপুর সংবাদ

২৮শে কার্ত্তিক বুধবার সন ১৩৭৪ সাল।

# খাদ্য

--০--

জীব মাত্রেরই বাঁচিয়া থাকিতে হইলে খাদ্যই সর্ব্বাগ্রে প্রয়োজন। আমাদের বাংলা দেশে মানুষের প্রধান খাদ্যই অন্ন। এই অন্ন হয় ধান্য হইতে। ধান্য কৃষিকার্য্যের দ্বারা উৎপন্ন হইয়া থাকে। সুতরাং আমাদের দেশের নিরক্ষর অবহেলিত কৃষককুল যে আমাদের অন্নের উৎপাদক এ কথা অস্বীকার করিবার উপায় নাই। চাষ করে বলিয়া কৃষকের অপর নাম চাষা। পৌরাণিক যুগে রাজর্ষি জনক নিজ হস্তে লাঙ্গল ধরিয়া চাষ করিতেন। ভগবান কৃষ্ণের অগ্রজ বীরবর বলরাম স্বহস্তে ভূমি কর্ষণ করিতেন। এখনও বলরামের স্কন্ধে লাঙ্গল দিয়া তাঁহার মূর্ত্তি গঠন করিতে হয়। পুরাকালে কৃষিকার্য্য আর্য্যগণের প্রধান কর্ত্তব্যের অন্যতম বলিয়া পরিগণিত হইত। সে যুগের পণ্ডিতরা সংস্কৃত ভাষায় বলিয়াছেন—

অন্নং প্রাণা বলঞ্চান্নং
অন্নং সর্বার্থসাধকং
দেবাসুরা মনুষ্যাশ্চ
সর্ব্বে চান্নোপজীবিনঃ॥
অন্নন্ত ধান্য সম্ভূতং
ধান্যং কৃষ্যা বিনা ন চ।
তস্মাৎ সর্ব্বং পরিত্যজ্য
কৃষিং যত্নেন কারয়েৎ॥

অর্থ :—অন্নই প্রাণ, অন্নই বল, অন্নই সর্ব্বার্থসাধক। দেবতা, অসুর এবং মনুষ্য সকলেই অন্ন খাইয়া জীবন ধারণ করেন। অন্ন হয় ধান্য হইতে আবার কৃষিকার্য্য ভিন্ন ধান্য হয় না। অতএব সকল কার্য্য পরিত্যাগ করিয়া যত্নের সহিত কৃষিকার্য্য সকলেরই অবশ্য কর্ত্তব্য।

আজ "চাষা" শব্দটী গালাগালি বলিয়া গণ্য হইতেছে। কেহ যদি কাহাকেও চাষা বলে, তাহাতে তাহার অপমান বলিয়া বোধ হয়। আমাদের দেশের কৃষককুল অধিকাংশই লেখাপড়ার বড় একটা ধার ধারিত না। ছেলে পাঁচ কিংবা সাত বৎসরের হইতেই তাহার হাতেই পাচনী নামক গো-তাড়ন দণ্ড দেওয়া হইত। এই সকল বালকের পিতা-মাতারা ছেলেদিগকে পাঠশালায় পাঠাবার বিরোধী ছিলেন। তাঁদের মুখের কথাই ছিল—চাষার ছেলে লেখাপড়া শিখে কি করবে। ভদ্রলোকদের ছেলের মত ছক্কা পাঞ্জা—হয়কে নয়, নয়কে হয় করতে শিখবে। পাচনী ছিল তাদের কৃষিকার্য্যের হাতে খড়ি। যেমন যেমন বয়স হতো তেমনি তেমনি এক আধটুকু ক'রে লাঙ্গল ধরতে শিখতো। লাঙ্গল বাহিতে শিখলেই মা বাপে মনে করতেন—বাছা আমার মানুষ হ'য়েছে, আর দুখ কদিন থাকবে? হালের মুঠো ধরতে শিখলে আর অভাব কি? নিজেদের মধ্যে আলাপ আলোচনায় নিজেদের সক্ষমতা এবং তথাকথিত ভদ্রসমাজভুক্ত অকর্ম্মা প্রাণীগুলির অক্ষমতা তুলনা করিয়া আত্মপ্রসাদ লাভ করিত। আমরা আমাদের প্রতিবেশী কৃষক প্রেমলাল দাদার মুখে গান শুনিয়া সে গানটী মুখস্থ করিয়া রাখিয়াছি। এখনও গানটীর প্রতি শব্দের সত্যতা অনুভব করিয়া আনন্দ পাই। প্রেমলাল দাদা গান গাইতেন—

পাপ না হ'লে পুণ্যের কি মান্য হতো!
সবাই যদি রাজা হতো রাজস্ব বা
কে দিতো!
দেশের বিচার কি সুক্ষ (সূক্ষ্ম),
দেখে হয় মনে দুঃখ,
দেশের যারা অন্নদাতা তারাই সব মূর্খ,
এ সব মূর্খ নইলে পণ্ডিতেরা
পঞ্জিকা চুষে খেতো।
পাপ না হ'লে পুণ্যের কি মান্য হতো।

সত্য সত্যই আজ পঞ্জিকা চুষিয়া খাইতে হকদার পণ্ডিতজীর দল বে-আইনী আইন তৈরী করিয়া, যাহারা মাথার ঘাম পায়ে ফেলিয়া নিজেদের এবং দেশের খাদ্য-সমস্যার সমাধান করে তাহাদের শ্রমলব্ধ ধান্য জোর করিয়া নিজেদের খেয়াল খুসিমত নির্দ্দিষ্ট দাম স্থির করিয়া লইয়া যাইতেছে। ইংরাজ কৃত এই লুটের আইন তাহাদের বাঁধনমুক্ত তথাকথিত স্বাধীন দেশেও সমানে চলিতেছে দেখিয়া মনে হয়—

কেউ মরে বিল ছেঁচে কেউ খায় কই।
যার ধন তার ধন নয়, নেপোয় মারে দই।

---

## সৈনিক স্মরণ

১ম ও ২য় মহাযুদ্ধে যে সব সৈনিক প্রাণাহুতি দিয়েছেন তাঁদের স্মরণে রবিবার সকালে কলিকাতা কলেজ স্কোয়ারে এবং ময়দানে তাঁদের স্মৃতিস্তম্ভে পুষ্পমাল্য অর্পণ করা হয়। দুই জায়গাতেই বহু বিশিষ্ট ব্যক্তি ও প্রতিষ্ঠানের পক্ষ থেকে স্মৃতিস্তম্ভে ফুল ও ফুলের মালা দেওয়া হয়। ময়দানের অনুষ্ঠানে মৃত সৈনিকদের স্মৃতির প্রতি শ্রদ্ধা জানাতে ২ মিনিট নীরবতা পালন করা হয়।

---

## দিল্লীতে বি. সি. রায় শিশু পাঠাগারের উদ্বোধন

১২ই নভেম্বর ভারতের রাষ্ট্রপতি ডঃ জাকির হোসেন নয়া দিল্লীতে একটি শিশু পাঠাগারের উদ্বোধন করেন। ডঃ বি. সি. রায়ের নাম অনুসারে এই পাঠাগারের নামকরণ করা হয়েছে। এই পাঠাগারে ৩৯টি দেশের প্রায় ১৪,০০০ নির্বাচিত বই আছে। এর পাঠকক্ষে ১২০ জন শিশু একসঙ্গে পড়াশুনা করতে পারে। ডঃ হোসেন বলেন, এই পাঠাগারটি তাঁর খুব প্রিয়। বুক ট্রাষ্ট এই পাঠাগারের প্রতিষ্ঠা করেন।

---

## একটি নারীর ছয়টি পুত্রসন্তান প্রসব

ফরিদপুর জেলার কৌশি নামক গ্রামে গত ১লা নভেম্বর জনৈকা নারী ছয়টি পুত্রসন্তান প্রসব করেছে। সকলেই নাকি জীবিত আছে। "আনন্দবাজার"

---

# ভাগীরথীর ভাঙ্গন রোধের প্রচেষ্টায় জনসভা

জঙ্গিপুর নেতাজী পার্কে গত রবিবার ইং ১২-১১-৬৭ বৈকাল ৫ ঘটিকায় ভাগীরথীর ভাঙ্গন রোধের প্রচেষ্টায় এক বিরাট জনসভার আয়োজন হয়। উক্ত সভায় সর্ব্বসম্মতিক্রমে নদীর প্রবল ভাঙ্গন রোধের জন্য বহু স্বাক্ষর সম্বলিত আবেদনপত্র ভারতের প্রধান মন্ত্রী ও সেচ মন্ত্রীর নিকট স্থানীয় লোকসভার কংগ্রেস সদস্য শ্রীলুৎফল হক সাহেবের মারফত পেশ করার প্রস্তাব গ্রহণ করা হয়। পশ্চিমবঙ্গের মুখ্যমন্ত্রী, সেচমন্ত্রী, চীফ্-ইঞ্জিনিয়ার, মুর্শিদাবাদের জেলা শাসক ও জঙ্গিপুরের মহকুমা শাসক মহোদয়গণকেও উক্ত আবেদন-পত্রের অনুলিপি প্রেরণ করার প্রস্তাব গ্রহণ করা হয়।

আগামী বর্ষারম্ভের পূর্ব্বেই প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণ করা না হইলে জঙ্গিপুরের স্কুল, কলেজ, লাইব্রেরী, বাজার ও বহু ঘর বাড়ী বিপন্ন হওয়ার আশঙ্কা থাকায় এই সভা বিশেষ উদ্বেগ প্রকাশ করিতেছে।

এই সভার উদ্যোক্তা ও প্রধান বক্তা ছিলেন শ্রীমুক্তিপদ চট্টোপাধ্যায় ও স্থানীয় যুবকবৃন্দ।

## পরলোকগমন

গত ২০শে কার্ত্তিক রবিবার ভোর রাত্রে অধুনা দফরপুর নিবাসী রমণীমোহন চক্রবর্ত্তী মহাশয় ৭৬ বৎসর বয়সে পরলোকগমন করিয়াছেন। তিনি দুই পুত্র, দুই কন্যা ও কয়েকটী নাতি-নাতিনী রাখিয়া গিয়াছেন। বৈষ্ণব ধর্ম্মের প্রতি তাঁহার প্রগাঢ় ভক্তি ছিল। আমরা তাঁহার শোকসন্তপ্ত পরিবারবর্গের শোকে সমবেদনা জ্ঞাপন করিয়া পরলোকগত আত্মার চিরশান্তি কামনা করিতেছি।

## চার দেওয়ালের গল্প

গত ৪ঠা নভেম্বর শনিবার সন্ধ্যা সাত ঘটিকায় রঘুনাথগঞ্জ বন্ধু সমিতির নিরীক্ষা মঞ্চে পার্থপ্রতিম চৌধুরী রচিত "চার দেওয়ালের গল্প" অভিনীত হইয়াছে। অভিনয়ে অংশ গ্রহণ করেন—সর্ব্বশ্রী বিশ্বেশ্বর লালা, প্রফুল্ল সরকার, তরুণ অধিকারী, রাধেশ্যাম ব্যানার্জী, লক্ষ্মীজনার্দ্দন দে, ভীষ্মদেব হালদার, নান্টু লালা, জয়ন্ত সরকার, শুভাংশু চক্রবর্ত্তী, শান্তি বন্দ্যোপাধ্যায়, সন্ধ্যা বাগচী ও মিতা রায়।

## পূজা বোনাস

গত ৫ই নভেম্বর রবিবার রঘুনাথগঞ্জ বন্ধু সমিতির রঙ্গমঞ্চে ডাঃ গৌরীপতি চট্টোপাধ্যায় মহাশয় পরিচালিত শ্রীকালীপদ চক্রবর্ত্তী রচিত "পূজা বোনাস" নাটক অভিনীত হইয়াছে।

## ভাগীরথী নদীতে চড়া

রঘুনাথগঞ্জ জঙ্গিপুর শহরের সম্মুখস্থ ভাগীরথী নদীতে জল কমিয়া স্থানে স্থানে চড়া পড়ায় অধিকাংশ লোক ও ঘোড়া গরু হাঁটিয়া পারাপার হইতেছে।

## রঘুনাথগঞ্জে তরিতরকারীর দর

বর্ত্তমানে রঘুনাথগঞ্জে প্রতি কেজি বেগুণ, মূলা ও কচু ৫০ পয়সা, সিম ও করলা ১·২৫—১·৫০, বরবটি-শুঁটি ও পেঁপে ৪০ পয়সা, আলু ১·০০ হইতে ১·২৫, পোনা মাছ ৪·০০, ইলিশ ৬·০০ হইতে ৭·০০ মাংস ৫·০০ টাকা।

## জনসাধারণকে বসন্তের টিকা ব্যবহার করতে হবে

বসন্ত নির্ম্মূলের প্রকল্প সফল করতে হলে জনসাধারণকে টিকা ব্যবহার করতে হবে।

জাতীয় বসন্ত নির্ম্মূল সপ্তাহের উদ্বোধন উপলক্ষে বেতার ভাষণে একথা বলেছেন কেন্দ্রীয় স্বাস্থ্যমন্ত্রী ডঃ এস চন্দ্রশেখর। তিনি বলেন, বর্তমান বছরে বসন্ত রোগের প্রাদুর্ভাব বেশী হয়েছে। এতে মনে হয়, ঐ রোগকে উচ্ছেদ করতে হলে সদাসতর্ক থাকতে হবে।

## ব্যায়াম প্রদর্শনী

রঘুনাথগঞ্জ যুবক সংঘ ব্যায়াম মন্দির ও পাঠচক্রের উদ্যোগে গত ৪ঠা নভেম্বর শনিবার সন্ধ্যায় এক ব্যায়াম প্রদর্শনী অনুষ্ঠিত হইয়াছে। মুর্শিদাবাদ জেলার ফিজিক্যাল এসোসিয়েসনের সেক্রেটারী শ্রীদেবাশিস্ সাহা ও বহরমপুর বিবেকানন্দ ব্যায়ামাগারের বিশিষ্ট সভ্যা শ্রীমতী কুমকুম রায় এই অনুষ্ঠানে যোগদান করিয়াছিলেন। যুবক সংঘ ব্যায়াম মন্দিরের সভ্য সভ্যাগণ নানা প্রকার ব্যায়াম দেখাইয়া উপস্থিত জনগণকে চমৎকৃত করেন।

## রঘুনাথগঞ্জ-মুরারই মোটর বাসে যাত্রীদের ভিড়

রঘুনাথগঞ্জ-মুরারই রাস্তায় "গণপতি" ও "জয়মা" নামীয় দুইখানি মোটর বাস পালাক্রমে চলাচল করে। প্রতি বাসেই অসম্ভব ভিড় হয়—বহু যাত্রী গাদাগাদি ভাবে ১৪ মাইল রাস্তা দাঁড়াইয়া যাইতে বাধ্য হন। ছাদের উপর যাত্রীদের বিছানা বাক্স বাদেও ভুট্টা, আলু, বেগুণ প্রভৃতি পণ্যদ্রব্য বোঝাই করা হয়। মুরারই হইতে রঘুনাথগঞ্জ অভিমুখে আসিবার সময় দুইখানি ট্রেণের যাত্রী লওয়ার জন্য পূর্ব্ববর্ত্তী ট্রেণের যাত্রিগণকে বহুক্ষণ অপেক্ষা করিতে হয়। মোটর বাস বিলম্বে ছাড়ার জন্য দ্রুতবেগে গাড়ী চালান হয়। এইজন্য প্রতি মুহূর্ত্তে গাড়ী উল্টাইয়া যাইবার ভয়ে যাত্রিগণ আতঙ্কিত হন।

এই রাস্তায় অধিক সংখ্যক মোটর বাস চলাচল মঞ্জুর করিলে যাত্রিগণের সুবিধা হইবে। উপরোক্ত বিষয়সমূহে মুর্শিদাবাদ ও বীরভূম জেলার জেলা-শাসক মহোদয়দ্বয়ের এবং আর-টি-এর সেক্রেটারী মহোদয়দ্বয়ের দৃষ্টি আকর্ষণ করিতেছি।

## যাত্রাভিনয়

গত ৬ই নভেম্বর সোমবার রাত্রে রঘুনাথগঞ্জ যুবক সংঘ ব্যায়াম মন্দির মঞ্চে "ধর্ম্মের বলি" নাটক অভিনীত হইয়াছে। বহু নরনারী ও বালক-বালিকা যাত্রা শুনিবার জন্য সমবেত হইয়াছিলেন।



**বিশ্বস্ততার প্রতীক**

গত আশী বছর ধরে জবাকুসুম কেশ তৈল প্রস্তুতকারক হিসাবে সি, কে, সেনের নাম সবাই জানেন তাই খাঁটি আমলা তেল কিনতে হলে সি, কে, সেনের আমলা তেল কিনতে ভুলবেন না। সি, কে, সেনের আমলা তেল কেশবর্দ্ধক ও স্নায়ু স্নিগ্ধকর

**সি, কে, সেনের**

# আমলা কেশ

**সি, কে, সেন এণ্ড কোং প্রাইভেট লিঃ**
**জবাকুসুম হাউস, কলিকাতা-১২**

শীতে ব্যবহারোপযোগী

মৃতসঞ্জীবনী সুধা, মহাদ্রাক্ষারিষ্ট চ্যবনপ্রাশ

## ঢাকা আয়ুর্ব্বেদীয় ফার্ম্মেসী লিঃ ও

## সাধনা ঔষধালয়ের প্রস্তুত

যাবতীয় কবিরাজী ঔষধ কোম্পানীর দামে আমাদের এখানে পাবেন।

এজেন্ট—*শ্রীননীগোপাল সেন*, কবিরাজ

অন্নপূর্ণা ফার্ম্মেসী। রঘুনাথগঞ্জ ( সদরঘাট )

রঘুনাথগঞ্জ পণ্ডিত-প্রেসে—শ্রীবিনয়কুমার পণ্ডিত কর্ত্তৃক
সম্পাদিত, মুদ্রিত ও প্রকাশিত।

প্রাথমিক, মধ্য, উচ্চ এবং **বহুমুখী বিদ্যালয়ের** যাবতীয় ফরম, রেজিষ্টার, গ্লোব, ম্যাপ, ব্লাকবোর্ড এবং ***বিজ্ঞান সংক্রান্ত যন্ত্রপাতি*** ইত্যাদি ও **অঞ্চল** পঞ্চায়েৎ, গ্রাম পঞ্চায়েৎ, ইউনিয়ন বোর্ড, বেঞ্চ, কোর্ট, দাতব্য চিকিৎসালয়, কো-অপারেটিভ রুরাল সোসাইটী, ব্যাঙ্কের যাবতায় ফরম ও রেজিষ্টার ইত্যাদি

***সর্ব্বদা সুলভ মূল্যে বিক্রয় হয়***

রবার ষ্ট্যাম্প অর্ডারমত যথাসময়ে
ডেলিভারী দেওয়া হয়

# আর্ট ইউনিয়ন

| সিটি সেলস অফিস | সেলস অফিস ও শোরুম |
|---|---|
| ৮০/৩, মহাত্মা গান্ধী রোড, কলি-৯ | ৮০।১৫, গ্রে ষ্ট্রীট, কলিকাতা-৫ |
| টেলি: 'আর্ট ইউনিয়ন' কলি: | ফোন : ৫৫-৪৩৬৬ |

***সব রকমের মোটর গাড়ীর স্পেয়ার পার্টস পেতে হলে একবার জঙ্গীপুর রোড বার্মা শেল পেট্রোল পাম্প সন্নিকটবর্ত্তী***

## চৌধুরী মোটরস্-এ

***আসুন।***

দাঁত তোলানোর ও বাঁধানোর
নির্ভরযোগ্য প্রতিষ্ঠান

## ডেণ্টাল ক্লিনিক

ডাক্তার শ্রীদীনেশকুমার প্রামাণিক, ডেণ্টাল সার্জ্জেন

পোঃ জিয়াগঞ্জ — মুর্শিদাবাদ

আয়ুর্ব্বেদীয় ঔষধ ও তৈলাদির নির্ভরযোগ্য প্রতিষ্ঠান

***ব্রজশশী আয়ুর্ব্বেদ ভবনের***

## পামারি

চুলকুনি ও সর্ব্বপ্রকার চর্ম্মরোগের অব্যর্থ মহৌষধ

**কবিরাজ শ্রীরোহিণীকুমার রায়,** বি-এ, কবিরত্ন, বৈদ্যশেখর

রঘুনাথগঞ্জ — মুর্শিদাবাদ

***জঙ্গিপুর সংবাদ*** সাপ্তাহিক সংবাদপত্র।

বার্ষিক মূল্য ৩'০০ তিন টাকা অগ্রিম দেয়, প্রতি সংখ্যা দশ পয়সা
বিজ্ঞাপনের হার—প্রতিবার প্রতি লাইন ৫০ পয়সা। প্রতিবার প্রতি সেন্টিমিটার ১'০০ এক টাকা। দুই টাকার কমে কোন বিজ্ঞাপন ছাপান হয় না। স্থায়ী বিজ্ঞাপনের জন্য পত্র লিখুন।
ইংরাজী বিজ্ঞাপনের দর বাংলার দ্বিগুণ।

শ্রীবিনয়কুমার পণ্ডিত, পোঃ রঘুনাথগঞ্জ ( মুর্শিদাবাদ )